

১৩। রপ্তানিকৃত পণ্য প্রস্তুত বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত কর প্রত্যর্পণ।— (১) ^১[Customs Act, 1969 (IV of 1969) এর Chapter VI এর বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, এই ধারার অধীনে] যে কোন ব্যক্তি তৎকর্তৃক রপ্তানিকৃত পণ্য প্রস্তুতে বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায় বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্যে বা সেবায় বা ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত খাদ্য বা অন্য কোন সামগ্রীতে ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর, সম্পূর্ণ শুল্ক, আমদানি শুল্ক, আবগারী শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর ^২[আগাম প্রদত্ত আয়কর এবং রপ্তানি পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত, সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এতদুদ্দেশ্যে নির্ধারিত, কোন উপকরণের উপর প্রদত্ত সম্পূর্ণ শুল্ক ব্যতীত] ^৩[প্রত্যর্পণ (Drawback)] হিসাবে পাওয়ার অধিকারী হইবেন ^৪[ঃ]

^৫“তবে শর্ত থাকে যে, কোন রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্য বা সেবা রপ্তানির তারিখের এবং যেক্ষেত্রে নিশ্চিত ও অপরিবর্তনীয় রপ্তানি ঋণপত্রের অথবা অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র অথবা স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের শর্তমোতাবেক আংশিক জাহাজীকরণের (Partial Shipment) ভিত্তিতে পণ্য রপ্তানি করা হয় সেক্ষেত্রে সর্বশেষ রপ্তানির তারিখের ছয় মাসের মধ্যে প্রত্যর্পণ (Drawback) দাবী করা না হইলে, এই ধারার অধীন প্রত্যর্পণ (Drawback) প্রদেয় হইবে না।]

^৬ব্যাখ্যা।— এই উপ-ধারায়, “রপ্তানির তারিখ” বলিতে যে তারিখে রপ্তানিকৃত পণ্য বা সেবার মালিক Customs Act এর section 131 এর বিধান অনুযায়ী উক্ত পণ্য বা সেবা রপ্তানির বিল অব এক্সপোর্ট সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হস্তান্তর করেন সেই তারিখ বুঝাইবে।”;

^৭(১ক) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, রপ্তানিকৃত পণ্য প্রস্তুতে বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায় বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্যে বা সেবায় ব্যবহৃত কোন নির্দিষ্ট উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর এবং, প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য শুল্ক বা কর প্রত্যর্পণের হার নির্ধারণ করিতে পারিবে।]

(২) কোন রপ্তানিকারক তৎকর্তৃক বাংলাদেশে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার উপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে তৎকর্তৃক রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্যে বা সেবায় বা ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত খাদ্য বা অন্য কোন সামগ্রীতে ব্যবহৃত উপকরণের উপর উপ-ধারা (১) মোতাবেক প্রত্যর্পণযোগ্য যাবতীয় কর ও শুল্ক সমন্বয় করিতে পারিবে।

^৮(৩) বোর্ড, সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, কোন রপ্তানিকারকে প্রকৃত রপ্তানির বিপরীতে চালান ভিত্তিক বা, ক্ষেত্রমত, রপ্তানি পণ্যের উপকরণ-উৎপাদ সম্পূর্ণ (input-output co-efficient) এর ভিত্তিতে বোর্ড কর্তৃক নির্ধারিত সমহার (flat rate) এ রপ্তানিকৃত পণ্যে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত পরিমাণ উপ-ধারা (১) এ উল্লিখিত শুল্ক ও করসমূহ প্রত্যর্পণের নির্দেশ প্রদান করিতে পারিবে।]

^৯(৪) বোর্ড, সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত শর্ত সাপেক্ষে কোন আন্তর্জাতিক চুক্তি বাস্তবায়নের জন্য স্থানীয়ভাবে উৎপাদিত কোন পণ্য বা সেবার উপর কোন ব্যক্তি বা সংস্থা কর্তৃক পরিশোধিত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূর্ণ শুল্ক প্রত্যর্পণের নির্দেশ প্রদান করিতে পারিবে।]

^১ অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৯০ বলে “যে কোন ব্যক্তি” শব্দগুলির পূর্বে “Customs Act, 1969 (IV of 1969) এর Chapter VI এর বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, এই ধারার অধীন” শব্দগুলি, সংখ্যাগুলি, কমাগুলি সন্নিবেশিত।

^২ অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(৭) (ক) বলে “আগাম প্রদত্ত আয়কর” শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৩ অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের নং আইন) এর ধারা ৬(৬) বলে “প্রত্যর্পণ” শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৪ অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮(৬) বলে দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত।

^৫ অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭৬ বলে শর্তাংশের পরিবর্তে নতুন শর্তাংশ প্রতিস্থাপিত।

^৬ অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮(৬) বলে সংযোজিত।

^৭ অর্থ আইন, ২০০৫ (২০০৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩৭ বলে ধারা ১৩ এর উপ-ধারা(১) এ পর নিম্নরূপ নতুন উপ-ধারা (১ক) সন্নিবেশিত।

^৮ অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(৭) (খ) বলে উপ-ধারা (৩) সংযোজিত।

^৯ অর্থ আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৮ নং আইন) এর ধারা ৮(৩) বলে উপ-ধারা (৪) সংযোজিত।